# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangabandhu Sheikh Mujib Medical University
শাহ্‌বাগ, ঢাকা- ১০০০।

নং- বিএসএমএমইউ/২০২৩/৫৪৫২ তারিখঃ ০৯-০৪-২০২৩ইং

## বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ ইং শিক্ষাবর্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নার্সিং অনুষদের অধীনে পরিচালিত ০৪ (চার) বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০১৯ ও ২০২০ ইং সালে ও এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০২১ ও ২০২২ ইং সালে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণরাই কেবলমাত্র আবেদন করতে পারবেন।

২. **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতাঃ**
এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষাসমূহে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না এবং উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

৩. প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে এবং কোর্স চলাকালীন সময়ে বিবাহবন্ধনে আবদ্ধ হতে পারবেন না। কোর্সের যেকোন পর্যায়ে বিবাহিত প্রমাণিত হলে ভর্তি বাতিল করা হবে।

৪. ০৯/০৪/২০২৩ ইং তারিখে আবেদনকারীর বয়স অনুর্দ্ধ ২২ বছর হতে হবে ।

৫. **পরীক্ষা ও প্রার্থী নির্বাচন সংক্রান্ত তথ্যাবলীঃ**
**লিখিত পরীক্ষাঃ** ০১ ঘন্টা ৩০ মিনিট, ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান (জীববিজ্ঞান, পদার্থ, রসায়ন) এবং সাধারণ জ্ঞান বিষয়ে সর্বমোট ১০০টি প্রশ্ন থাকবে।
**মৌখিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধুমাত্র ২০ নম্বরের মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ পাবেন।

৬. লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর, মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

৭. মুক্তিযোদ্ধা কোটায় ৫% (এক্ষেত্রে সরকারী আইন প্রযোজ্য হবে) এবং উপজাতীয় প্রার্থীদের জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। উভয় কোটার প্রার্থীদের অন্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। সংরক্ষিত আসনগুলোতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেয়া হবে। যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে এবং শূন্য আসনে মেধাভিত্তিক ভর্তি করা হবে।

৮. মোট আসন সংখ্যার অনধিক শতকরা ১০জন পুরুষ প্রার্থী দ্বারা পূরণ করা হবে। প্রয়োজনীয় সংখ্যক পুরুষ প্রার্থী পাওয়া না গেলে, শূন্য আসন মেধার ভিত্তিতে মহিলা প্রার্থী দ্বারা পূরণ করা হবে।

৯. **Online এ আবেদন করতে হবে। আবেদন করার শেষ তারিখ ০৯/০৫/২০২৩ইং বেলা ০২:০০ টা পর্যন্ত। ব্যাংকে টাকা জমা দেয়ার শেষ তারিখ ০৮/০৫/২০২৩ইং**
**বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.bsmmu.edu.bd**

১০. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফলের সঙ্গে ভর্তির জন্য নির্ধারিত আসনের অতিরিক্ত মেধাভিত্তিক ৫০% প্রার্থীর অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে। ভর্তির শেষ তারিখে শূন্য আসন (যদি থাকে) অপেক্ষমাণ তালিকা থেকে মেধাভিত্তিক ক্রমানুসারে পূরণ করা হবে।

১১. ভর্তিকৃত ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের হোস্টেলে থাকা বাধ্যতামূলক।

১২. নির্বাচিত প্রার্থীরা মেডিক্যাল পরীক্ষায় শারীরিক ও মানসিকভাবে সুস্থ বলে বিবেচিত হলেই শুধুমাত্র ভর্তির জন্য চূড়ান্তভাবে বিবেচিত হবে।

১৩. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হয়ে যথাসময়ে কোর্সে অংশগ্রহণ করতে হবে।

১৪. **আবেদনে যা যা উল্লেখ করতে হবেঃ**
(ক) প্রার্থীর জীবনবৃত্তান্ত
(খ) পূবালী ব্যাংক লিমিটেড এর যেকোন শাখা থেকে 'ডিপার্টমেন্ট অব নার্সিং ফান্ড' একাউন্ট নম্বর এসটিডি ০৯৪৭১০২০০০৮৫৮ এর অনুকূলে অফেরত যোগ্য ১,০০০/- (এক হাজার) পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে আবেদনপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
(গ) টাকা জমা পূর্বক ব্যাংক জমার রশিদের স্ক্যান কপি আবেদনপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
(ঘ) প্রার্থীর স্বাক্ষর স্ক্যান করে আবেদনপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
(ঙ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর ও GPA উল্লেখ করতে হবে।

১৫. আবেদনপত্র Online এ চূড়ান্ত Submit করার পর প্রবেশপত্রের প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।

১৬. **প্রবেশপত্র প্রিন্ট করার তারিখ ও সময়: ২০/০৫/২০২৩ইং তারিখ সন্ধ্যা ৬টা থেকে ২৬/০৫/২০২৩ইং তারিখ সকাল ৯টা পর্যন্ত ।**

১৭. **লিখিত পরীক্ষা আগামী ২৬/০৫/২০২৩ইং তারিখ, শুক্রবার, সকাল ১০টায় বিএসএমএমইউ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।**
**লিখিত পরীক্ষার ফলাফল ২৬/০৫/২০২৩ইং তারিখ বিকাল ৬টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.bsmmu.edu.bd এ প্রকাশ করা হবে।**

১৮. **মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থানঃ ৩১/০৫/২০২৩ইং, সকাল ০৯:০০টা গ্রাজুয়েট নার্সিং বিভাগ, একাডেমিক ভবন, বিএসএমএমইউ, পরিবাগ, ঢাকা।**

১৯. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে এবং নিম্নে উল্লেখিত সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সকাল ০৮:৩০মিনিটে গ্রাজুয়েট নার্সিং বিভাগ, কক্ষ নম্বর ৩০৮, একাডেমিক ভবন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, পরিবাগ, ঢাকায় জমা দিতে হবে।
(ক) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি।
(খ) এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্রের অথবা প্রযোজ্য ক্ষেত্রে সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) অথবা প্রযোজ্য ক্ষেত্রে সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র, সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) কলেজের অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) পাসপোর্ট সাইজের সদ্যতোলা ৩ কপি সত্যায়িত রঙিন ছবি।
(চ) মুক্তিযোদ্ধা ও উপজাতি প্রার্থীদের প্রমাণপত্র।
(ছ) সনদ, ট্রান্সক্রিপ্ট ও ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (সকল ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল স্পষ্টাক্ষরে উল্লেখ থাকতে হবে)।

২০. **প্রাথমিক নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ০৫/০৬/২০২৩ইং তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.bsmmu.edu.bd এ প্রকাশ করা হবে।**

২১. **মেডিক্যাল পরীক্ষার তারিখ, সময় ও স্থানঃ ১২/০৬/২০২৩ইং, সকাল ০৯.০০টা, ডা. জি এম সাদিক হাসান, উপ-রেজিস্ট্রার (শিক্ষা), ব্লক-বি, কক্ষ নম্বর-২৩০, ৩য় তলা, বিএসএমএমইউ।**

২২. কোর্সে ভর্তি হওয়ার সময় শিক্ষাগত যোগ্যতার মূল নম্বরপত্র ও সনদপত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে এবং সেগুলো কোর্স চলাকালীন সময় বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত থাকবে।

২৩. বিএসসি ইন নার্সিং কোর্সে উত্তীর্ণ হওয়ার পর এই বিশ্ববিদ্যালয় হাসপাতালে ০৬ (ছয়) মাস ইন্টার্নী করতে হবে এবং কমপক্ষে ০৩ (তিন) বছর চাকুরি করতে হবে।

অধ্যাপক ডা. একেএম মোশাররফ হোসেন
প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) ও সভাপতি
ভর্তি পরীক্ষা পরিচালনা ও তত্ত্বাবধান কমিটি
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**Help Desk**
**01630968967/01672634887**